

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৯

শান্তিরবাজার, ১৪ জুন, ২০২৪

বিশ্ব রক্তদাতা দিবস  
শান্তিরবাজারে রক্তদান শিবির

শান্তিরবাজার মহকুমার মুকুট অডিটরিয়ামে বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। ছাত্রবন্ধু সামাজিক সংস্থার উদ্যোগে আয়োজিত এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য। উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যরত সাহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, ছাত্রবন্ধু সামাজিক সংস্থার সম্পাদক দেবানন্দ দাস প্রমুখ। শিবিরে ১৭ জন রক্তদান করেন। বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের এক বর্ণাত্য শোভাযাত্রা মহকুমা সদরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*